

পশ্চিমবঙ্গ সরকার  
প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিকের কার্যালয়  
অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ঝাড়গ্রাম শহরের পুরাতন ঝাড়গ্রাম এলাকায় একটি ১০০ শয্যাবিশিষ্ট কেন্দ্রীয় আদিবাসী ছাত্রীনিবাস চালু করা হবে। উক্ত ছাত্রীনিবাসে ঝাড়গ্রাম জেলায় অবস্থিত যে কোনো সরকারি অথবা সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর স্তরে (একাদশ, দ্বাদশ, স্নাতক, স্নাতকোত্তর, ডিপ্লোমা প্রভৃতি) অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী তপশিলি উপজাতিভুক্ত (ST) ছাত্রীগণ আবাসিক হিসেবে থাকার জন্য আবেদন করতে পারবেন।

এই উদ্দেশ্যে যোগ্য ও ইচ্ছুক তপশিলি উপজাতিভুক্ত ছাত্রীদের (ST) নিকট থেকে নির্ধারিত ফরম্যাটে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং তাঁর পরিবারের বার্ষিক আয় ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হতে হবে।

যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র আগামী ৩১/০৫/২০২৬ তারিখের মধ্যে (শনিবার, রবিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত) এই কার্যালয়ে অথবা উক্ত ছাত্রীনিবাসে (সুপারিন্টেন্ডেন্ট অথবা মেট্রনের নিকট) জমা দিতে হবে।

পূর্ববর্তী বিজ্ঞপ্তির ভিত্তিতে যেসব ছাত্রী ইতিমধ্যেই আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বে জমা করা আবেদনপত্রও ভর্তির ক্ষেত্রে বিবেচিত হবে।

**আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র সংযুক্ত করতে হবে:**

১. শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রসিদের কপি – স্বপ্রত্যয়িত।
২. জাতিগত শংসাপত্রের কপি – স্বপ্রত্যয়িত।
৩. পিতামাতা বা অভিভাবকের বার্ষিক আয়ের শংসাপত্র (গ্রুপ-'এ' অফিসার / সাংসদ / বিধায়ক / পঞ্চায়েত সমিতির সভাপতি / জেলা পরিষদের সদস্য / পৌরসভার চেয়ারপার্সন কর্তৃক প্রদত্ত)। পিতামাতা বা অভিভাবক চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট ডি.ডি.ও কর্তৃক প্রদত্ত আয়ের শংসাপত্র বা পে-স্লিপ জমা দিতে হবে।
৪. ছাত্রীর বাসস্থান থেকে তিনি যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করছেন, সেই দূরত্বের শংসাপত্র ((গ্রুপ-'এ' অফিসার / সাংসদ / বিধায়ক / পঞ্চায়েত সমিতির সভাপতি / জেলা পরিষদের সদস্য / পৌরসভার চেয়ারপার্সন কর্তৃক প্রদত্ত)।
৫. মাধ্যমিক / উচ্চমাধ্যমিক / স্নাতক স্তরের পরীক্ষার মার্কশিটের কপি – স্বপ্রত্যয়িত।
৬. আধার কার্ড / ভোটার কার্ডের কপি – স্বপ্রত্যয়িত।

৯. ৫/৫/২০২৬ . ৭/৫/২০২৬  
প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম

মেমো নং ৭২৫/১(১৩)/বি.সি.উন্নয়ন/স্ব.সি.উন্নয়ন/জে.সি.উন্নয়ন তারিখ ৭/৫/২০২৬  
অনুলিপি অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন ডিরেক্টরেট
২. জেলা শাসক, ঝাড়গ্রাম
৩. অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), ঝাড়গ্রাম
৪. মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর
৫. সচিব, ঝাড়গ্রাম জেলা পরিষদ
৬. রেজিস্ট্রার, সাধু রামচাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়, ঝাড়গ্রাম
৭. চেয়ারপার্সন, ঝাড়গ্রাম পৌরসভা
৮. সভাপতি, সকল পঞ্চায়েত সমিতি
৯. সমষ্টি উন্নয়ন আধিকারিক, সকল ব্লক
১০. জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), ঝাড়গ্রাম, অনুরোধ করা হচ্ছে সকল বিদ্যালয়ের প্রধানের নজরে আনার জন্য।
১১. অধ্যক্ষ / অধ্যক্ষা, ..... মহাবিদ্যালয়।
১২. প্রধান শিক্ষক / শিক্ষিকা, ..... উচ্চবিদ্যালয়।
১৩. প্রধান, সকল গ্রাম পঞ্চায়েত।

ক. উন্নয়ন ৭/৫/২০২৬  
প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম

